JAN 20 2001

দৈনিক ইনকিলাব

পৃঃ ৮ কলাম ৪

# আওয়ামী শিক্ষকদের চাপে চবি'র সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচন পিছিয়েছে ❑ সাদা দলের ক্ষোভ

**আব্দুল মালেক** ।। গোলাপী দলের বাকশালপন্থী শিক্ষক নেতাদের প্রবল চাপের মুখে ভিসি প্রফেসর আব্দুল মান্নান চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিনেটে ৩০ জানুয়ারীর শিক্ষক প্রতিনিধি নির্বাচন পিছিয়ে দিতে বাধ্য হয়েছেন। আগামী ১০ ফেব্রুয়ারী এই নির্বাচনের নতুন তারিখ নির্ধারণ করা হয়েছে। এ ঘটনায় শিক্ষক রাজনীতিতে প্রবল আলোড়ন সৃষ্টি হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে সরকার সমর্থক শিক্ষকদের গোলাপী দলের ভাঙ্গন স্পষ্ট হয়ে উঠেছে। আগামী ২২ জানুয়ারী সেই দলের স্টিয়ারিং কমিটির নির্বাচনের মধ্য দিয়ে আওয়ামী বাকশালী ও কট্টর বামপন্থী শিক্ষকদের এই গ্রুপটি দ্বিখণ্ডিত হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। এদিকে জাতীয়তাবাদী সাদা দল সিনেট নির্বাচন পিছানোর ঘটনায় তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করেছে এবং এই ঘটনাকে উদ্দেশ্যমূলক বলে বর্ণনা করেছে। সামগ্রিক পরিস্থিতি জানতে চেয়ে সরকারের ঊর্ধ্বতন মহল ভিসি'র কাছে জরুরী ফ্যাক্স বার্তা পাঠিয়েছে বলে জানা গেছে।

উল্লেখ্য, গণতন্ত্রমনা শিক্ষকদের দফায় দফায় দাবীর মুখে প্রায় ১৩ বছর পর ভিসি প্রফেসর মান্নান আগামী ৩০ জানুয়ারী

২-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## চ.বি'র সিনেট

৮-এর পৃষ্ঠার পর

সিনেটের ৩৩ জন শিক্ষক প্রতিনিধি নির্বাচনের তারিখ ঘোষণা করেন। কিন্তু গত ৪ বছরের দলীয়করণ ও ভিসি পদ নিয়ে টানাটানিতে বিপর্যস্ত সরকারপন্থী গোলাপী দলের শিক্ষক নেতারা সম্ভাব্য ভরাডুবির আশঙ্কায় এই নির্বাচন পিছিয়ে দেয়ার জন্য চাপ প্রয়োগ করেন। কিন্তু ঘোষিত তারিখে নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে ভিসি'র অনড় মনোভাব সংশ্লিষ্ট শিক্ষকদের বিক্ষুব্ধ করে। তারা ভিসিকে প্রশ্ন করেন যে, তিনি আওয়ামী লীগের প্রতিনিধি নাকি বিএনপি-জামায়াতের প্রতিনিধি? এই অবস্থায় ভিসি মান্নান তাদের কাছে নতিস্বীকার করেন। গত বৃহস্পতিবার তিনি নির্বাচন পিছানোর ঘোষণা দেন এবং ১০ ফেব্রুয়ারী তারিখ পুনঃনির্ধারণ করেন। এতেও অনেকে সন্তুষ্ট হতে পারেননি। এটা ভিসি'র আত্মরক্ষামূলক ভূমিকা বলে তারা মন্তব্য করেন। সংশ্লিষ্টদের মতে, সরকারের তরফ থেকে ভিসিকে চলতি মাসের মধ্যে সিনেট নির্বাচন সম্পন্ন করার তাগাদা দেয়া হয়েছে। তাই ভিসি পদ রক্ষার্থে নির্বাচন অনুষ্ঠান জরুরী হয়ে পড়েছে। অন্যদিকে একই গ্রুপের ভিসি বিরোধীরা এই নির্বাচন ব্যর্থ করে দিয়ে ভিসি মান্নানকে পদচ্যুত করতে চান। এই অবস্থায় গোলাপী দলে ভাঙ্গনের সুর স্পষ্ট হয়ে উঠেছে।